



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
সরকারি সাঁদত কলেজ  
করটিয়া, টাঙ্গাইল



তারিখ: ২৬/১১/২০২৩খ্রি.

## বিজ্ঞপ্তি

ভর্তি বিষয়ক ওয়েবসাইট

([www.nu.ac.bd/admissions](http://www.nu.ac.bd/admissions))

SMS Code: 16222

সংশ্লিষ্ট সকলকে অবগত করা যাচ্ছে যে, ২০২১-২০২২ শিক্ষাবর্ষে স্নাতকোত্তর শেষ পর্ব (নিয়মিত) ভর্তির প্রাথমিক আবেদন ফরম জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক বিজ্ঞপ্তি অনুযায়ী আগামী ২৭/১১/২০২৩ তারিখ হতে ০৫/১২/২০২৩ তারিখ পর্যন্ত (সরকারি ছুটি ব্যতীত) প্রতিদিন সকাল ১০:০০ ঘটিকা হতে দুপুর ০২:০০ ঘটিকা পর্যন্ত প্রশাসনিক ভবনের নীচ তলায় ডিগ্রী পাস কোর্স শাখায় (কক্ষ নং: ১১২৮) জমা দিতে হবে।

### ○ আবেদনের যোগ্যতা:

- জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৭ সাল ও তৎপরবর্তী সাল সমূহে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে। তবে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত কোন শিক্ষার্থী এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে না।
- জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৭ সাল ও তৎপরবর্তী সালসমূহে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত/ ১ম পর্ব মাস্টার্স (নিয়মিত) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত এবং তৎসংশ্লিষ্ট তিন বছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে। তবে এক বছর মেয়াদী প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট)/ ১ম পর্ব মাস্টার্স (প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ কোন শিক্ষার্থী এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে না।
- এখানে উল্লেখ্য যে, উপরিউক্ত শর্তপূরণ সাপেক্ষে স্নাতক (সম্মান) ও প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত)/ ১ম পর্ব মাস্টার্স (নিয়মিত) পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা শুধুমাত্র তাদের পঠিত বিষয়ে এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে।
- জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স (নিয়মিত/ প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ অথবা অন্য যে কোন প্রোগ্রামে বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী ২০২১-২০২২ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে না। এ লক্ষ্যে “জাতীয় বিশ্ববিদ্যালয়/ অন্য কোন বিশ্ববিদ্যালয়ের অধীনে কোন শিক্ষা কার্যক্রমে বর্তমানে আমি ভর্তি/ অধ্যয়নরত নই। দ্বৈত ভর্তির ক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিধান অনুযায়ী উভয় ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল সংক্রান্ত সিদ্ধান্ত আমি মেনে নিতে বাধ্য থাকবো”- মর্মে আবেদনকারীর স্বাক্ষরিত একটি অঙ্গীকারনামা অনলাইন আবেদনে স্ক্যান করে আপলোড করতে হবে। উক্ত শর্ত ভঙ্গ করে কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।
- প্রাথমিক আবেদন ফরমে আবেদনকারীর কোন তথ্য/ ছবি অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে ঐ আবেদনকারীর ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

### ○ আবেদন ফরম জমাদানের নিয়মাবলি:

- ভর্তির আবেদন ফরমের মূল কপি (স্বাক্ষর ও তারিখসহ)
- স্নাতক (সম্মান)/স্নাতক (পাস) ও প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত)/ ১ম পর্ব মাস্টার্স (নিয়মিত) পরীক্ষার নম্বরপত্রের ১ কপি করে সত্যায়িত ফটোকপি
- স্নাতক (সম্মান)/স্নাতক (পাস) ও প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত)/ ১ম পর্ব মাস্টার্স (নিয়মিত) পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ডের ১ কপি করে সত্যায়িত ফটোকপি
- সোনালী পেমেট গेटওয়ে কর্তৃক ৩০০/- (তিনশত) টাকা জমাদানপূর্বক পেমেট পে-স্লিপের কপি জমা দিতে হবে
- দ্বৈত ভর্তি সংক্রান্ত অঙ্গীকারনামার কপি।

### টাকা জমা দেওয়ার নিয়ম:

<https://sbl.com.bd:7070> লিংক- এ প্রবেশ করে অথবা Sonali eSheba মোবাইল অ্যাপ এর মাধ্যমে National University Fees মেন্যু থেকে Application Fee অপশনে প্রবেশ করে প্রয়োজনীয় তথ্য প্রদান করে ফি পরিশোধ করতে হবে।

### ○ ভর্তির ফলাফল:

শিক্ষার্থীরা ভর্তি সংশ্লিষ্ট Website ([www.nu.ac.bd/admissions](http://www.nu.ac.bd/admissions)) অথবা SMS (NU< Space> ATMF< Space> Roll No টাইপ করে 16222 নম্বরে Send করতে হবে) এর মাধ্যমে অথবা সংশ্লিষ্ট কলেজ থেকে ফলাফল জানতে পারবে।

### ○ সতর্কতা:

ভর্তির আবেদন ফরমের ফটোকপি ও টাকা জমা দেয়ার সোনালী পেমেট গेटওয়ে কর্তৃক ৩০০/- (তিনশত) টাকা ইস্যুকৃত Transaction নম্বরের SMS নিজের কাছে সংরক্ষণ করবে।

### ভর্তি সংক্রান্ত যে কোন প্রয়োজনে:

- জনাব মোহাম্মদ আবেদ আহাদ তালুকদার, সহযোগী অধ্যাপক, মোবা: ০১৭১৬-৯১৭৭৭৮
- জনাব মো: মুক্তার হোসাইন, সহকারী অধ্যাপক, গণিত, মোবা: ০১৯১৪-২৭২৯০০
- জনাব লায়লা ইয়াসমিন, প্রভাষক, রাষ্ট্রবিজ্ঞান, মোবা: ০১৭২৩-৯০৬৮০৬
- জনাব মেহেদী হাসান, কম্পিউটার অপারেটর, মোবা: ০১৭১৭-৯১৩১৯৭



অধ্যক্ষ  
সরকারি সাঁদত কলেজ  
করটিয়া, টাঙ্গাইল  
অধ্যক্ষ  
সরকারি সাঁদত কলেজ  
করটিয়া, টাঙ্গাইল।